



চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-৩১ ডিসেম্বর ২০১৭ খ্রি.

খ্রিষ্টীয় নববর্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র এর বাণী

২০১৮ খ্রিষ্টাব্দ উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন সকলকে খ্রিষ্টীয় নববর্ষের শুভেচ্ছা জানান। বিদেশ থেকে প্রেরিত এক তারবার্তায় মেয়র বলেন, খ্রিষ্টাব্দের বিদায় বছরের সুখ-দুঃখ, আনন্দ-বেদনা, ভালোবাসা-সংঘাত, পাওয়া-না পাওয়া, অর্জন-বিসর্জন সবকিছুই ঠাই নেবে স্মৃতির পাতায়। মহাকালের গর্ভে একটির পর একটি বছরের বিলীন হলেও নিয়মানুযায়ী নতুন স্বপ্নকে ধারণ করেই প্রতিটি নতুন বছরকে মানুষ স্বাগত জানায়। মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, অতীতের ভুল থেকে শিক্ষা নিয়ে নতুন বছরে সমৃদ্ধ বাংলাদেশ গড়তে সবাই ঐক্যবদ্ধভাবে কাজ করবো। আশা করি হিংসা-বিদ্বেষ পরিহার করে গণতান্ত্রিক সহিষ্ণুতা ও অর্থনৈতিক অগ্রগতির পথে দেশ এগিয়ে যাবে। মেয়র নতুন বছরে প্রত্যেকের জীবনে সুখ, শান্তি ও সমৃদ্ধি কামনা করেন।

চট্টগ্রাম-৩১ ডিসেম্বর ২০১৭ খ্রি.

উত্তর কাউলী ওয়ার্ডে সর্বস্তরের নাগরিকদের সাথে ভারপ্রাপ্ত মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের ভারপ্রাপ্ত সভাপতি মাহতাব উদ্দিন চৌধুরী

চট্টগ্রাম নগরীর উত্তর কাউলী ১০নং ওয়ার্ডে ৩১ ডিসেম্বর ২০১৭ খ্রি. সকালে জহর আহমদ চৌধুরীর বাড়ীতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র নিছার উদ্দিন আহমদ মঞ্জু ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের ভারপ্রাপ্ত সভাপতি মাহতাব উদ্দিন চৌধুরী মতবিনিময় করেন। এসময় অন্যদের মধ্যে মহানগর আওয়ামীলীগের সহ-সভাপতি আলহাজ্ব খোরশেদ আলম সুজন, আকবর শাহ থানা আওয়ামীলীগের সভাপতি সুলতান আহমদ চেয়ারম্যান, সহ সভাপতি লোকমান আলী, প্রচার ও প্রকাশনা সম্পাদক আবু সুফিয়ান, কামাল উদ্দিন, ওয়ার্ড আওয়ামীলীগের সুগ্ম আহবায়ক ইকবাল চৌধুরী, গিয়াস উদ্দিন চৌধুরী, হাবিবুর রহমান, প্রবীন আওয়ামীলীগ নেতা সফিউল আলম, আলী আজগর, মহিউদ্দৌলা, নূর উদ্দিন, জসিম সেক্রেটারী, গিয়াস উদ্দিন সহ অন্যরা উপস্থিত ছিলেন। মতবিনিময়ে নেতৃবৃন্দ চট্টগ্রাম উন্নয়ন এবং জনস্বার্থে সকলকে ঐক্যবদ্ধ থাকার আহবান জানান।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা